

দু'টি সন্তানের বেশি নয়
একটি হলে ভাল হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
পরিবার পরিকল্পনা-ফিল্ড সার্ভিসেস ডেলিভারী
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dgfp.gov.bd

স্মারক নং- পপঅ/এফএসডি/১৮/নিয়োগ/১/২০১৭-১৮/ ৩৬৭

তারিখ: ০৭-০১-২০১৮

নিয়োগ বিজ্ঞপ্তি।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতায় বাস্তবায়নধীন ৪র্থ-
স্বাস্থ্য ও জনসংখ্যা পুষ্টি সেক্টর কর্মসূচির (এইচপিএনএসডি) (২০১৬-২২) পরিবার পরিকল্পনা ফিল্ড সার্ভিসেস ডেলিভারী অপারেশনাল
প্ল্যানের আওতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের মেয়াদকালীন সময়ের (জুন ২০২২সাল) জন্য ১(এক) জন সহকারী প্রোগ্রামার
নিয়োগ করা হবে। উক্ত পদে নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সহকারী প্রোগ্রামার (গ্রেড-৯) মাসিক সর্বসাকুল্য বেতন ৩৫,৫০০/- (সরকারী বিধি মোতাবেক আয়কর কর্তন যোগ্য)	a) Master Degree in any subject or B.Sc. in Engineering or Computer Science b) Must Pass standard test for programming

আবেদনের শর্ত ও নিয়মাবলীঃ

- ১। আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্মতারিখ, বয়স, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা উল্লেখ পূর্বক পরিচালক অর্থ ও লাইন ডাইরেক্টর, ফিল্ড সার্ভিসেস ডেলিভারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর ৬ কাওরান বাজার, ঢাকা বরাবরে আবেদন করতে হবে।
- ২। আবেদনের সাথে (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত ফটোকপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। (খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান /ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র। (গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজের (৩) তিন কপি ছবি। (ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র। (ঙ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
- ৩। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে। কোন নির্ধারিত কোটার বিপরীতে আবেদন করলে তা আবেদনে উল্লেখ করতে হবে এবং বর্ণিত কোটার স্বপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র/সনদপত্র দাখিল করতে হবে।
- ৪। কোন প্রার্থী উপজাতীয় /তফসিলি সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ৫। সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৬। প্রার্থীর বয়স ৩০ জুন ২০১৮ খ্রিঃ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে শুধুমাত্র মুক্তিযোদ্ধা পোষ্য ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত প্রযোজ্য হবে।
- ৭। উপযুক্ত প্রার্থীদের লিখিত, মৌখিক ও ব্যহারিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রার্থীদের যোগাযোগের ঠিকানায় যথাসময়ে জানানো হবে।
- ৮। আবেদনপত্রের সাথে পরীক্ষার ফি বাবদ ১০০(এক শত) টাকার ট্রেজারী চালানের মাধ্যমে মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা বরাবরে ১-৭৪৮১-০০০০-২০৩১ নং কোডে জমা দিতে হবে।
- ৯। প্রার্থীকে অবশ্যই আগামী ২৪ জুন ২০১৮ খ্রিঃ তারিখ (অফিস চলাকালীন সময়ের) মধ্যে আবেদনপত্র নির্ধারিত ঠিকানায় পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ১০। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১১। সাক্ষাৎকারের সময় প্রার্থীদের সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
- ১২। পরীক্ষায় অংশগ্রহণকারীদের কোন টিএ /ডিএ প্রদান করা হবে না।
- ১৩। নিয়োগের ক্ষেত্রে যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৪। পরিচালক অর্থ ও লাইন ডাইরেক্টর, ফিল্ড সার্ভিসেস ডেলিভারী যে কোন সময়ে কোন কারণ ব্যতিরেকেই নিয়োগ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(প্রণব কুমার নিয়োগী)

অতিরিক্ত সচিব

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

পরিচালক(অর্থ) ও

লাইন ডাইরেক্টর, ফিল্ড সার্ভিসেস ডেলিভারী

সভাপতি

নিয়োগ কমিটি।